

রাস্ট্রদূত হ্যারি কে. টমাস মাদ্রাসা ছাত্রছাত্রীদেরকে ইংরেজি ভাষা শিক্ষার জন্য বৃত্তি প্রদান করবেন

ঢাকা, ৫ই অক্টোবর -- আগামী ৬ই অক্টোবর আমেরিকান সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে বাংলাদেশে যুক্তরাষ্ট্রের রাস্ট্রদূত হ্যারি কে. টমাস ৪০ জন মাদ্রাসা ছাত্রছাত্রীকে ইংরেজি ভাষা শিক্ষার জন্য বৃত্তি প্রদান করবেন। ঢাকার 'ল্যাঞ্জুয়েজ প্রফিসিয়েন্সি সেন্টার' (এলপিসি)-এর চেয়ারম্যান জাভেদ হায়দার করিম, যুক্তরাষ্ট্র দূতাবাসের কালচারাল অ্যাফেয়ার্স অফিসার মিশেল জোন্স এবং দুই মাদ্রাসার অধ্যক্ষ মোলানা তাজুল আলম ও মুহম্মদ ইকবাল এই অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দফতরের নতুন কর্মসূচী 'এসিসিইএসএস' বা 'অ্যাক্সেস' ইংরেজি ভাষা শিক্ষা প্রকল্পের অধীনে মদিনাতুল উলুম মহিলা কামিল মাদ্রাসা-র ২০ জন ছাত্রী এবং তানজিমুল উম্মাহ্ ক্যাডেট মাদ্রাসা-র ২০ জন ছাত্র ইংরেজি ভাষা শিক্ষা করবে। ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের আমেরিকান সেন্টার-এর তত্ত্বাবধানে এই 'অ্যাক্সেস' কর্মসূচী-তে শহর এলাকার ছাত্রছাত্রীদেরকে স্কুল ছুটির পরবর্তী সময়ে দু'বছর মেয়াদে ইংরেজি ভাষা শেখানো হবে। এই কর্মসূচীতে ৪০ জন শিক্ষার্থীকে শিক্ষাব্যয়, বইপত্র এবং অন্যান্য উপকরণের জন্য বৃত্তি প্রদান করা হবে। শিক্ষক এবং অধ্যক্ষেরা এই সকল ছাত্রছাত্রীকে মেধা ও আগ্রহের ভিত্তিতে নির্বাচিত করেন। তারা মনে করেন যে এরা এই নিবিড় ভাষা শিক্ষা থেকে উপকৃত হবে।

ঢাকার বনানীতে অবস্থিত 'ল্যাঞ্জুয়েজ প্রফিসিয়েন্সি সেন্টার' (এলপিসি)-এর চেয়ারম্যান জাভেদ হায়দার করিম এই শিক্ষা কর্মসূচী পরিচালনা করবেন। এই ৪০ জন মাদ্রাসা শিক্ষার্থী সপ্তাহে তিন দিন করে ইংরেজি ভাষায় মৌখিক ও লিখিতভাবে শিক্ষা গ্রহণ করবে। 'এলপিসি' এবং আমেরিকান সেন্টার তাদের জন্য বিভিন্ন ফিল্ম এবং অডিও-ভিজুয়াল উপকরণ সরবরাহ করবে।

গত ৬ই জুলাই মাদ্রাসা ছাত্রছাত্রীদের জন্য আয়োজিত এক অনুষ্ঠানে আমেরিকান সেন্টার এই কর্মসূচী সম্পর্কে বিভিন্ন প্রশ্নের জবাব দেয়। যুক্তরাষ্ট্রের শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সহকারী পররাষ্ট্র সচিব প্যাট্রিশিয়া হ্যারিসন এই কর্মসূচীকে "ভাষা শিক্ষার সুযোগ" হিসেবে অভিহিত করেন যা বাংলাদেশী ছাত্রছাত্রীদেরকে দুই বছরের জন্য ইংরেজি ভাষা শেখার সুযোগ করে দেবে।

=====

জিআর/ ২০০৪

দ্রষ্টব্য: এই নিবন্ধের ইংরেজি ভাষ্য 'অ্যামেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে 'অ্যামেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮১৩৪৪০-৪, ফ্যাক্স: ৯৮৮১৬৭৭; ই-মেইল: DhakaPA@state.gov এবং Website: <http://www.usembassy-dhaka.org>) যোগাযোগ করুন।